


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারি পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-৭/২ এন-৭৫/২০০২-২৬৭.

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
১৩ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : মাদারীপুর জেলার কালকিনি উপজেলার চরদৌলতখান ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুছ ছালাম মিয়া এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, কালকিনি, মাদারীপুর এর তদন্ত প্রতিবেদনে মাদারীপুর জেলার কালকিনি উপজেলার চরদৌলতখান ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুছ ছালাম মিয়া এর বিরুদ্ধে চরদৌলতখান উত্তর কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে চাকুরী করার অভিযোগ প্রমাণিত হওয়ায়; উক্ত নিকাহ রেজিস্ট্রার অদ্যাবধি কারণ দর্শানোর জবাব দাখিল না করায় এবং উহা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। একইসাথে মাদারীপুর জেলার কালকিনি উপজেলার চরদৌলতখান ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারের অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো। শূন্যঘোষিত অধিক্ষেত্রে অনধিক ১২০(একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক শূন্য অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুছ ছালাম মিয়া এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি জব্দকরণের জন্য জেলা রেজিস্ট্রার, মাদারীপুরকে নির্দেশ প্রদান করা হলো। শূন্যঘোষিত অধিক্ষেত্রে বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রার, কালকিনি, মাদারীপুরকে নির্দেশ প্রদান করা হলো।



(মোঃ শফিউল আলম)

সিনিয়র সহকারী সচিব

বিচার শাখা-৭

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,

জনাব মোঃ আব্দুছ ছালাম মিয়া  
সাবেক নিকাহ রেজিস্ট্রার  
চরদৌলতখান ইউনিয়ন  
উপজেলা-কালকিনি, জেলা-মাদারীপুর।

কার্যার্থে বিতরণ :

- ০১। জেলা রেজিস্ট্রার, মাদারীপুর (সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বালাম বহি জব্দ করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড/ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০২। সাব-রেজিস্ট্রার, কালকিনি, মাদারীপুর ( বিধি মোতাবেক শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করতঃ এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।